Srabon 30, 1427 Bangla, August 14, 2020 Friday, No. 224, 50th year

H I G H L I G H T S

PM Sheikh Hasina has approved to release 329 prisoners across the country under special consideration who have been sentenced to 20 years or more in murder cases. (R.ABC:10)

AL GS calls upon all have to remain vigilant so that atmosphere of the National Mourning Day is not marred for the fulfillment of interests of any individual and quarter. (R. Today:13)

Health Minister says, DGHS daily briefing has been stopped as infection & death rate of coronavirus has declined in country – Daily press release will be provided instead. (R.Tehran:7)

BNP SG Mirza Fakhrul Islam says that around 3,000 people were the victims of extrajudicial killing in the hands of law enforcement agencies across the country in last one decade. (R.Tehran:8)

A court has framed charges against former Chief Justice Surendra Kumar Sinha and 11 others for embezzling and laundering about Tk 4 crore from Farmers Bank Limited. (BBC:4)

Biman Bangladesh Airlines is set to operate direct flights from Dhaka to Kuala Lumpur commercially from August 18. (R.Today:12)

3 teenagers have been killed & 14 others injured in a clash between two groups of inmates inside at Jashore Child Development Center on Thursday (August 13). (R. Today:13)

DGHS informs, 44 more people died of COVID-19 in last 24 hrs bringing deaths to 3,557 & 2617 more people have tested positive in country taking number of confirmed cases to 2,69,115. (VOA:7)

Global death toll from the coronavirus has climbed over 7,48,000 & worldwide infected cases have surpassed 2,09,87000 while over 1,37,00000 people have recovered from the disease. (R. Today:13)

India has become the country with the fourth highest number of deaths linked to Covid-19 in the world. (BBC:14)

শ্রাবণ ৩০, ১৪২৭ বাংলা, আগস্ট ১৪, ২০২০ শুক্রবার, নং-২২৪, ৫০ বছর

শিরোনাম

খুনের মামলায় ২০ বছর বা তার চেয়ে বেশি সাজা খেটেছেন এমন ৩২৯জন বন্দিকে মুক্তি দেয়ার প্রস্তাবে অনুমোদন দিয়েছেন প্রধানমন্ত্রী। (রেডিও এবিসি: ১০)

কোনো ব্যক্তি বা গোষ্ঠীর স্বার্থ সিদ্ধির জন্য শোক দিবসের পরিবেশ যাতে বিনষ্ট না হয় সে ব্যাপারে সবাইকে সতর্ক থাকার আহ্বান জানিয়েছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক। (রেডিও টুডে:১৩)

স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক বলেছেন, করোনার সংক্রমণ ও মৃত্যুহার কমে আসার কারণেই সরাসরি ব্রিফিং না করে প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে এ সংক্রান্ত তথ্য জানানোর ব্যবস্থা করা হয়েছে। (রেডিও তেহরান: ৭)

বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, ‘২০০৯ সালের জানুয়ারি থেকে ২০১৯ সালের ডিসেম্বর পর্যন্ত দেশে প্রায় ৩ হাজার মানুষ পুলিশ, র‍্যাব, ডিবির হাতে বিচারবহির্ভুত হত্যাকাণ্ডের শিকার হয়েছেন। (রেডিও তেহরান: ৮)

আদালত ঋণ জালিয়াতির মামলায় সাবেক প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহাসহ ১১ ব্যক্তির বিরুদ্ধে অভিযোগ গঠন করেছে। সিনহা ফার্মাস ব্যাংক থেকে প্রায় ৪ কোটি টাকার ঋণ নিয়ে তা আত্মসাত করেছেন। (বিবিসি:৪)

আগামী ১৮ আগস্ট থেকে ঢাকা-কুয়ালালামপুর-ঢাকা রুটে পুনরায় বাণিজ্যিক ফ্লাইট পরিচালনা করবে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স। (রেডিও টুডে: ১২)

যশোর কিশোর উন্নয়ন কেন্দ্রে আধিপত্য বিস্তার নিয়ে দুই দল কিশোরের মধ্যে সংঘর্ষে ৩ কিশোর নিহত হয়েছে। আহত হয়েছেন আরো অন্তত ১৪ জন কিশোর। (রেডিও টুডে :১৩)

স্বাস্থ্য অধিদপ্তর জানিয়েছে, গত ২৪ ঘণ্টায় দেশে ৪৪ জন করোনা আক্রান্ত রোগীর মৃত্যু হয়েছে এবং আক্রান্ত হয়েছেন ২৬১৭ জন-এর ফলে মৃতের মোট সংখ্যা দাঁড়িয়েছে ৩৫৫৭,আক্রান্তের সংখ্যা দাঁড়িয়েছে ২,৬৯,১১৫। (ভোয়া:৭)

বিশ্বজুড়ে করোনাভাইরাসে মৃত্যুর সংখ্যা ৭ লক্ষ ৪৮ হাজারের বেশি। আর সর্বমোট সনাক্ত হয়েছে ২ কোটি ৯ লক্ষ মানুষ। যাদের মধ্যে সুস্থ হয়েছে ১ কোটি ৩৭ লাখ করোনা রোগী। (রেডিও টুডে:১৩)

ভারত কোভিড -১৯ এ বিশ্বের চতুর্থ সর্বোচ্চ সংখ্যক মৃত্যুর দেশ হয়ে উঠেছে। (বিবিসি:১৪)

বিবিসি

অভিবাসী শ্রমিকদের ফ্লাইট এর ব্যবস্থা করতে হিমশিম খাচ্ছে বাংলাদেশের এয়ারলাইন্সগুলো

করোনাভাইরাস মহামারীতে আকাশ পথে যাত্রী পরিবহনে বিশ্বজোড়া বিপত্তির মধ্যেই বাংলাদেশের এয়ারলাইন্সগুলো গত ক'দিন ধরে অভিবাসী শ্রমিকদের নিয়ে হিমশিম খাচ্ছে। এ মুহূর্তে রাষ্ট্রীয় মালিকানাধীন বিমান বাংলাদেশ এয়ারলাইন্সসহ মাত্র ৪টি এয়ারলাইন্স মধ্যপ্রাচ্যের কয়েকটি মাত্র গন্তব্যে সীমিত সংখ্যক ফ্লাইট পরিচালনা করছে। টিকেটের জন্য গতকাল চট্টগ্রামে বিমানে বাংলাদেশের কার্যালয়ে রীতিমত ভাঙ্গচুরের ঘটনাও ঘটেছে। মধ্যপ্রাচ্যে যায় এমন এয়ারলাইন্সগুলোর কার্যালয়গুলোর ঢাকা অফিসেও দেখা গিয়েছে উপচেপড়া ভীড়। এ নিয়ে বিস্তারিত জানাচ্ছেন সংবাদদাতা শাহনাজ পারভীন : চট্টগ্রামের ফটিকছড়ির মোঃ জামান ৬ মাস আগে রির্টান টিকেটসহ দেশে ফিরে এসেছিলেন। কিন্তু কয়েক লাখ অভিবাসী শ্রমিকের মত তিনিও করোনাভাইরাসের মহামারী শুরুর পর কাজে ফিরতে পারেননি। তার কর্মস্থল সংযুক্ত আরব আমিরাতে সম্প্রতি নিয়ম শিথিল করা হয়েছে শুনে শুরু হয়েছে এয়ারলাইন টিকেটের জন্য চেষ্টা। ঢাকার গুলশানে এমিরেটস এয়ারলাইন্সের কার্যালয়ে গিয়ে দেখা গেল কার্যালয়ের ভেতরে ভবনের লবি এবং রাস্তায় শত শত মানুষ। সকাল থেকে বিকাল পর্যন্ত বসে ছিলেন বহু টিকেট প্রত্যাশী। মধ্যপ্রাচ্যের সীমিত ফ্লাইট পরিচালনা করছে এমন সবগুলো এয়ারলাইন্সের কার্যালয়ে একই অবস্থা। টিকেটের জন্য গতকাল চট্টগ্রামে বিমান বাংলাদেশের কার্যালয়ে ভাঙ্গচুরের ঘটনাও ঘটেছে। রিটার্ন টিকেট কেটে যারা এসেছেন তারা সেপ্টেম্বরের আগে ফিরতি ফ্লাইট পাচ্ছেন না। সেপ্টেম্বরেও টিকেট নেই এমনও জানিয়েছেন কিছু যাত্রী। অপেক্ষমান সবাই সংযুক্ত আরব আমিরাতের যাত্রী। সেখানে বাংলাদেশের শ্রমিকদের প্রবেশের নিয়ম শিথিল করার পর দুবাই ও আবুধাবিগামী শ্রমিকের ভীড়ে উপচে পড়ে এ এয়ারলাইন্সগুলোর কার্যালয়। সিরাজগঞ্জের বেলকুচি থানা থেকে আসা একজন বলছেন, তিনি এ সপ্তাহেই তিনবার এসেছেন টিকেটের জন্য। (স্বকণ্ঠে): 'বলছে, আমাদের এখানে কোন ফ্লাইট নেই। আমার আট মাস চলছে। আমি অনেক চিন্তিত। কর্মস্থলে তাড়াতাড়ি গেলেই আমার জন্য সুবিধা। আমি এখন অনেক সমস্যার মধ্যে আছি।' স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের তথ্যমতে করোনা ভাইরাসের মহামারীর কারণে আন্তর্জাতিক ফ্লাইট চলাচল বন্ধ হওয়ার আগে ফেব্রুয়ারির মাঝামাঝি সময় থেকে মার্চের মাঝামাঝি পর্যন্ত বাংলাদেশে সাড়ে ৪ লাখের মত শ্রমিক ফেরত এসেছেন। এরপর বাংলাদেশের সাথে আন্তর্জাতিক ফ্লাইট চলাচল বন্ধ ছিল জুনের মাঝামাঝি পর্যন্ত। বাংলাদেশ থেকে সীমিত ফ্লাইট চালু হলেও শ্রমিকদের মূল গন্তব্য দেশগুলোতে প্রবেশ বন্ধ ছিল। সম্প্রতি সংযুক্ত আরব আমিরাতে ও বাহরাইন নিয়ম শিথিল করলেও টিকেটের অভাবে এখন অনেকেরই কাজে যোগদান প্রায় অনিশ্চিত। শ্রমিকদের মত হঠাৎ যাত্রীদের চাপ বৃদ্ধি পাওয়ায় বিপাকে রয়েছে বিমান কোম্পানীগুলোও।

বাংলাদেশ থেকে এখন শুধুমাত্র বিমান বাংলাদেশ, এমিরেটস, কাতার ও টার্কিশ এয়ারলাইন্স সীমিত সংখ্যায় মধ্যপ্রাচ্যগামী ফ্লাইট পরিচালনা করছে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের ব্যবস্থাপনা পরিচালক মোঃ মোকাব্বির হোসেন। (স্বকণ্ঠে): 'ইউএই যখন প্রথম শুরু করল তখন তারা বেশকিছু রেস্ট্রিকশন দিয়েছিল। যারা যাবে তাদের সরকারের ওয়েব লিংকে রেজিস্ট্রেশন করতে হবে। যে অনুমোদন পাওয়া গেলে তারা যেতে পারবে। এয়ারলাইন্সের তাদের কোভিড সার্টিফিকেট দিতে হবে এবং এক ফ্লাইটে ২০০ এর বেশি নিতে পারবে না। গত ১০ তারিখে যারা আবুধাবি যাবেন তাদের জন্য রেজিষ্ট্রেশনের প্রথাটি বিলুপ্ত করে দেয়া হয়েছে। ফলে যারা আবুধাবি যাবে সবাই পারলে আজই যেতে চাচ্ছে। তাই এ ২ সপ্তাহে আমাদের যে ফ্লাইটগুলো ছিল নিমিষেই শেষ হয়ে গিয়েছে।'

এছাড়াও, আগামী ২ মাস ফ্লাইট পরিচালনার শ্লটের অনুমোদন এখনও দেয়নি আরব আমিরাত। তাই অগ্রিম টিকেট বুকিং নিতে পারছে না বাংলাদেশ বিমান। অন্যদিকে, ভিসার মেয়াদ শেষ হয়ে যাচ্ছে অনেক শ্রমিকের। সবমিলিয়ে উভয় সঙ্কটে এয়ারলাইন্স ও অভিবাসী শ্রমিক দু'পক্ষই। (বিবিসি : ১৯:৩০ ঘ. ১৩/০৮/২০২০ রিহাব/আশরাফ)

বাংলাদেশের বিভিন্ন জেলায় গড়ে উঠেছে ছোট-বড় অনেক অবৈধ সাপের খামার

বাংলাদেশে বিষাক্ত সাপ লালন-পালন কিংবা খামার করা অবৈধ হলেও বন্যপ্রাণী গবেষকরা এখন বলছেন যে, বিভিন্ন জেলায় ছোট-বড় আকারে সাপের খামার গড়ে উঠছে এবং বিষধর সাপ প্রতিপালন কিংবা এর জন্য প্রয়োজনীয় নিরাপত্তামুলক ব্যবস্থা নেয়ার সামান্যতম অভিজ্ঞতা বা জ্ঞান এসব খামার মালিকদের নেই বলে তারা বলছেন। সম্প্রতি ভ্রাম্যমান আদালত নাটোর জেলায় এক অভিযান চালিয়ে ৪৯টি বিষধর সাপ, ৩৬টি ডিম, সাপ লালন পালনের সরঞ্জাম উদ্ধার করছে। এ নিয়ে খোঁজ-খবর নিচ্ছেন আমাদের সংবাদদাতা সানজানা চৌধুরী। তাকে আমি জিজ্ঞেস করেছিলাম কোথায় কোথায় দেখা যাচ্ছে এমন অবৈধ খামার। সানজানা ঃ বাংলাদেশে সাপ লাপন-পালন বা খামার করা শুরু থেকে অবৈধ এবং আইনত দণ্ডনীয়। কিন্তু তারপরেও দেখা যাচ্ছে বেদে সম্প্রদায় দীর্ঘ সময় ধরে সাপ লালন-পালন করে আসছে। এখন বিভিন্ন জেলায় যে শুধু সাপ লালন-পালন হচ্ছে তা নয়, ছোট-বড় আকারে সাপের খামার গড়ে

উঠছে বলে আমাকে বন্যপ্রাণী গবেষকরা জানিয়েছেন। তারা বলছেন যে, বাংলাদেশে পাচারের দিক থেকে মাদক দ্রব্য এবং অস্ত্র বিস্ফোরকের পরেই রয়েছে বন্যপ্রাণীর অবস্থান। এতে বোঝা যায় যে, বিষয়টাকে হালকাভাবে নেয়ার সুযোগ নেই। বন্যপ্রাণী গবেষকরা আমাকে বলেছেন তাদের জানামতে বাংলাদেশের নাটোর, রাজশাহী, গাজীপুর, পটুয়াখালী, বরিশাল এরকম আরও একাধিক জায়গাতে বেশ কয়েকটি সাপের খামার গড়ে তোলা হয়েছে। তারা এগুলো তুলে নেয়ার ব্যাপারে প্রশাসনকে খবর দিয়েছেন। কিন্তু তেমন কোন উদ্যোগ নেয়া হয়নি বলে তারা দাবি করছেন। যদিও বন্যপ্রাণী সংরক্ষণ অধিদফতরের এক কর্মকর্তা আমাকে জানিয়েছেন যে, উপযুক্ত প্রমাণ পেলে তারা ব্যবস্থা নেবেন।
বিবিসি ঃ বিপজ্জনক জেনেও মানুষ কেন এই ধরনের খামার তৈরি করছেন ?
সানজানা ঃ যারা এসব খামার গড়ে তোলেন তাদের মাথাতে আসলে যেটা কাজ করে যে, এভাবে তারা অল্প পুঁজিতে বেশি আয় করতে পারবে। তারা মুলত বিভ্রান্ত হন বিভিন্ন চটকদার খবর দেখে, যেমন : অনেক গণমাধ্যমের খবরে তারা দেখেন যে, দশ কোটি / কুড়ি কোটি টাকার সাপের বিষ আটক। তারপর ইউটিউবে তারা সাপের লালন-পালন বা বিষ সংগ্রহের ভিডিওগুলো দেখেন। দেখে মনে হয় যে অনেক সোজা, এগুলো দেখে তাদের মধ্যে একটা ধারণা তৈরি হয় যে, সাপের বিষের ব্যবসা খুব সহজ, কিন্তু লাভজনক। কিন্তু এই ব্যবসা করতে গেলে যে, এটার বাজারজাতকরণ নিয়ে একটা জ্ঞান থাকা লাগে বা এটা লালন-পালন, এটা রক্ষণাবেক্ষণের যে জ্ঞান থাকা লাগে সেটা কিন্তু কারো মধ্যে নেই। বন্যপ্রাণী গবেষক আদনান আজাদ আমাকে জানিয়েছেন যে, ঐ মানুষগুলোর মাথায় একটা বিষয় থাকে যে সাপকে মাসে একবার/দু'বার ইঁদুর বা ব্যাঙ্ খাওয়ালেই চলে। শীতকালে সেটাও খাওয়াতে হয় না, বলতে গেলে সাপ পালতে তেমন কোন খরচ নেই কিন্তু তারা আশা করেন যে, এটা থেকে লাখ লাখ টাকা আয় হবে।
বিবিসি ঃ নাটোরে অবৈধ খামারে অভিযান চালিয়েছে কর্তৃপক্ষ। সেখানে কী দেখা গেছে ?
সানজানা ঃ নাটোরের নলডাঙ্গা উপজেলার একটা প্রত্যন্ত এলাকায় গতকাল বিকেলে ভ্রাম্যমান আদালত যেই অভিযানটি চালায় সেখান থেকে তারা ৪৯টি বিষধর সাপ, ৩৬টি সাপের ডিম আর সাপ লালন-পালনের কিছু সরঞ্জাম উদ্ধার করে। অবৈধভাবে সাপের খামার গড়ে তোলার অপরাধে খামার মালিকের ত্রিশ হাজার টাকা জরিমানাও করা হয় এবং সেই সঙ্গে খামারটি যাতে সরিয়ে নেয়া হয় সেজন্য ৭ দিনের সময় বেঁধে দেয়া হয়।
যারা অভিযানে ছিলেন তাদের কয়েকজনের সাথে আমি কথা বলে জেনেছি যে, জায়গাটা চারিদিকে আখের ঘের দেয়া ঝোপঝাড় তার মাঝখানে নিচু একটা ভুমিতে টিনসেট দেয়া একটা আধাপাকা বাড়ি, সেটাতেই ঐ সাপের খামার। সাপগুলো রাখা হয়েছে একটা ঘরের ভিতরে একটা শুকনা চৌবাচ্চার ভিতরে। মুলত সেখানে পদ্মগোখরা আর গোখরা এই দুই প্রজাতির সাপ ছিল, দুটোই অনেক বিষধর অথচ এই খামারে সাপ লালন-পালন নিয়ে কোন ধরনের প্রশিক্ষণ, পূর্ব অভিজ্ঞতা বা খামারে কোন নিরাপত্তা ব্যবস্থা কিছুই দেখা যায়নি। এত অনিরাপদ এবং অবৈজ্ঞানিক একটা পরিবেশে ৬ মাস ধরে এই খামার অবৈধভাবে পরিচালিত হয়ে আসছে।
সম্প্রতি স্থানীয় কয়েকজন এলাকাবাসীর বিষয়টি চোখে পড়ে। তাছাড়া যারা বন্যপ্রাণী নিয়ে একটু সচেতন তাদের বিষয়টি চোখে পড়ে। তারা সেটা কর্তৃপক্ষকে জানান এবং তার পরে এই অভিযানটি পরিচালনা করা হয়। পরে রাজশাহী বন্যপ্রাণী সংরক্ষণ বিভাগ এই সাপগুলোকে প্রকৃতিতে ছেড়ে দেয়ার কথা জানান। আর ডিমগুলো এখনও তাদের জিম্মায় আছে।
বিবিসি ঃ এ ধরনের বন্যপ্রাণী রক্ষার ক্ষেত্রে বাংলাদেশের আইনে কী বলা আছে ?
সানজানা ঃ বাংলাদেশে বন্যপ্রাণী বলতে আসলে বোঝানো হয় যেসব প্রাণী প্রকৃতি থেকে খাবার সংগ্রহ করে, শিকার করে খায় মানে যাদের অন্যের উচ্ছিষ্ট খাবার বা তৈরি করা খাবারের উপর নির্ভর করতে হয় না। এক্ষেত্রে বাংলাদেশের আইন অনুযায়ী শুধুমাত্র তিন ধরনের বন্যপ্রাণী কিন্তু লাইসেন্সসহ লালন-পালনের বা খামার করণ অনুমোদন দেয়া হয়েছে। সেগুলো হচ্ছে চিত্রা হরিণ, হাতি এবং লোনা পানির কুমির। কেউ যদি এই প্রাণীগুলো লালন-পালন করতে চান তাহলে তাকে সরকারের কাছ থেকে লাইসেন্স নিতে হবে এবং প্রতি বছর এই লাইসেন্স নবায়ন করতে হবে এবং যেই নীতিমালা বলে দেয়া আছে সেই অনুযায়ী লালন-পালন সেভাবেই করতে হবে। এর বাইরে ২০ ধরনের প্রাণী আছে সেগুলো ধরা, শিকার করা, সংগ্রহ, সংরক্ষণ, লালন-পালন সবই অবৈধ, আইনত দন্ডনীয় অপরাধ। বাংলাদেশের বন্যপ্রাণী সংরক্ষণ ও নিরাপত্তা আইন ২০১২ যেটি আছে সেখানে বন্যপ্রাণী সংগ্রহ বা শিকার করা হলে সর্বোচ্চ একবছর কারাদণ্ড অথবা সর্বোচ্চ ৫০ হাজার টাকা এবং কারাদণ্ড, অর্থদণ্ড এই উভয় দন্ডেই দন্ডিত করার বিধানটা বলা আছে।(বিবিসি: ১৯:৩০ ঘ: ১৩/০৮/২০২০ইং এলিনা/কোহিনূর)

অর্থ জালিয়াতির মামলায় সাবেক প্রধান বিচারপতি এসকে সিনহাসহ ১১জনের বিরুদ্ধে অভিযোগ গঠন

বাংলাদেশের এক অর্থ আদালত ঋণ জালিয়াতির মামলায় সেদেশের সাবেক প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহাসহ ১১ ব্যক্তির বিরুদ্ধে আজ অভিযোগ গঠন করেছে। রাষ্ট্র পক্ষের কৌশলীরা বলছেন, মি. সিনহা ফার্মার্স ব্যাংক থেকে

প্রায় ৪ কোটি টাকার ঋণ নিয়ে তা আত্মসাত করেছেন। তবে এর আগে বিবিসিকে দেয়া এক সাক্ষাৎকারে মি. সিনহা এই অভিযোগ অস্বীকার করেছিলেন। বর্তমান ক্ষমতাসীন সরকারের সঙ্গে প্রচন্ড মতবিরোধের জের ধরে এক পর্যায়ে মি. সিনহা দেশ ছেড়ে চলে যান এবং বিদেশে থাকার সময় প্রধান বিচারপতি পদ থেকে ইস্তেফা দেন। এ নিয়ে ঢাকা থেকে বিস্তারিত জানাচ্ছেন আমাদের সংবাদদাতা আকবর হোসেন।

আকবর হোসেন ঃ সুরেন্দ্র কুমার সিনহা বাংলাদেশের ইতিহাসে একমাত্র প্রধান বিচারপতি যিনি দায়িত্বে থাকা অবস্থায় সরকারের চাপে দেশ ছাড়তে বাধ্য হয়েছিলেন বলে অভিযোগ রয়েছে। সাবেক কোন প্রধান বিচারপতির বিরুদ্ধে এ ধরনের মামলায় বিচার কাজ শুরু হওয়া এটিই প্রথম। সাবেক ফার্মাস ব্যাংক যেটি এখন পদ্মা ব্যাংক হিসেবে পরিচিত সেই ব্যাংকে ঋণ জালিয়াতি মামলায় মি. সিনহা সহ ১১ জনের বিরুদ্ধে বিচার প্রক্রিয়া শুরু হয়েছে। গত বছর ৯ ডিসেম্বর বিচারপতি সিনহা সহ ১১ জনকে আসামী করে অভিযোগপত্র দাখিল করেছিল দুর্নীতি দমন কমিশন।

দুর্নীতিদমন কমিশনের আইনজীবী খুরশিদ আলম বিবিসি বাংলাকে বলেন, মি. সিনহা ব্যাংক থেকে নিজে ঋণ নেননি। তার একজন আত্মীয় রনজিত কুমারকে ব্যবহার করে ঋণ নিয়েছেন বলে মামলায় উল্লেখ করা হয়েছে (স্বকণ্ঠে): উনি ঋণটা পেয়েছেন ওনার একজন আত্মীয় রনজিত কুমারের নামে। পরবর্তীতে রনজিত কুমারের নামে চার কোটি টাকা ওনার একাউন্টে ট্রান্সফার হয় সেই ট্রান্সফার হওয়ার সময় এটাকে সন্দেহজনক লেনদেন হিসেবে ধরা হল। চার কোটি টাকা ট্রান্সফার করা কোন অপরাধ না। যদি উৎস গোপন থাকে এবং বাংলাদেশ ব্যাংকের জানা না থাকে তাহলে এটাকে ধরা হবে সন্দেহজনক লেনদেন। দুদক চার্জ আনছে সেটা হলো সিনহা সাহেবের টাকার উৎস কোথায়। যে লোনটা নিয়েছে রনজিত কুমার তার আড়ালে সাবেক প্রধান বিচারপতি লোনটা নিয়েছে। লোনটা যদি উনি না নিত তাহলে ওনার একাউন্টে ট্রান্সফার হল কেন, এটার কোন ব্যাখ্যা নাই। রনজিত কুমারও এ মামলার একজন আসামী।

সরকারের সঙ্গে প্রচন্ড মতবিরোধের জের ধরে এক পর্যায়ে ২০১৮ সালে দেশ ছেড়ে বিদেশে গিয়ে প্রধান বিচারপতির পদ থেকে পদত্যাগ করেছিলেন মি. সিনহা। বিভিন্ন সাক্ষাৎকারে তিনি অভিযোগ তুলেছিলেন যে সরকারের চাপের মুখে তিনি দেশ ছাড়তে বাদ্য হয়েছিলেন। যদিও সরকারের তরফ থেকে বরাবরই সাবেক প্রধান বিচারপতির এসব অভিযোগ খারিজ করে দেয়া হয়েছে। দুর্নীতির মামলায় চলতি বছরের ১১ই জানুয়ারী মি. সিনহার বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানাও জারি করে আদালত। সুপ্রিম কোর্টের সিনিয়র আইনজীবী শাহদ্বীন মালিক বিবিসি বাংলাকে বলেন, এই মামলাটিতে লড়তে হলে মি. সিনহাকে দেশে এসে আত্মসমর্পন করতে হবে। এটিই দেশের আইন (স্বকণ্ঠে): যেহেতু তাকে পলাতক দেখানো হয়েছে আর চার্জশীটের পরে এ্যারেষ্ট ইস্যু হয়ে গেলে। ওনার বিরুদ্ধে আগেই এ্যারেষ্ট ইস্যু হয়েছে। এই অবস্থায় ওনাকে আইনজীবী নিয়োগ দিতে হলে এই মামলায় তাকে এসে কোর্টে আত্মসমর্পন করতে হবে। এখন সাধারণত এসব মামলায় কোর্ট তাকে জেলে পাঠিয়ে দিবে, আর আইনজীবী নিয়োগ করতে হলে ওনাকে জেল কর্তৃপক্ষের মাধ্যমে উকালতনামায় স্বাক্ষর করতে হবে। এক কথায় উনি জেলে না গিয়ে আইনজীবী নিয়োগ করতে পারবেন না। এদিকে, দুর্নীতি দমন কমিশনের এ মামলাকে রাজনৈতিক উদ্দেশ্যে ব্যবহার করা হচ্ছে বলে অনেকে মনে করেন। যদিও দুর্নীতি দমন কমিশনের আইনজীবী বলছেন, যথেষ্ঠ তথ্যপ্রমানের ভিত্তিতে এ মামলা দায়ের করা হয়েছে। (বিবিসি: ১৯:৩০ ঘ: ১৩/০৮/২০২০ইং এলিনা/কোহিনূর)

জাস্ট গো নামক ইউটিউব চ্যানেল থেকে আপলোড হচ্ছে মেজর সিনহার নানা ভিডিও

বাংলাদেশের কক্সবাজার জেলার মেরিন ড্রাইভে পুলিশের গুলিতে সেনাবাহিনীর সাবেক অফিসার মেজর সিনহা মোঃ রাশেদ খানের নিহত হওয়ার পর থেকে জাস্ট গো নামের একটি ইউটিউব চ্যানেল থেকে তাকে নিয়ে নানা ধরনের ভিডিও আপলোড করা হচ্ছে। যেগুলো ব্যাপকভাবে প্রচার হচ্ছে সামাজিক যোগাযোগের মাধ্যমে। মি. খানের সহকর্মীদের ঘনিষ্ঠ সূত্রগুলো বলছে তার সহকর্মীরা কেউ এসব ভিডিও আপলোড করছেন না তাহলে এগুলো কারা করছে। এ বিষয়ে খোঁজ খবরের চেষ্টা করছিলেন ঢাকায় আমাদের সংবাদদাতা রাকিব হাসনাত। তিনি এখন ঢাকা স্টুডিও থেকে সরাসরি আমাদের সঙ্গে যোগ দিচ্ছেন।

বিবিসি ঃ মেজর সিনহা নিহত গত পহেলা আগস্ট। তার মৃত্যুর পর জাস্টগো নামক এ ইউটিউব চ্যানেলটি থেকে একের পর এক ভিডিও আপলোড করা হচ্ছে। কি ধরনের কন্টেন্ট রয়েছে সেখানে।

মি. রাকিব ঃ মেজর সিনহার সহকর্মী শিপ্রা দেবনাথ গত কয়েকদিনে কিছু কথা বলেছেন এবং নিজে ফেইসবুকে একটি ভিডিও বার্তাও দিয়েছেন সেখানে বলেছেন তারা গত ১০ই জুলাই জাস্ট গো নামের একটি ফেসবুক ফেইজ খুলেছিলেন সেখান থেকে আগস্টের ১৫ তারিখের পর থেকে তাদের ভিডিও আপলোড অনুষ্ঠানিকভাবে শুরু করার পরিকল্পনা ছিল। মি. সেনহাসহ তাদের স্বপ্ন ছিল জাস্টগো নামক চ্যানেলে তাদের যে ট্রাভেল ডকুমেন্টগুলো ধারণে কাজ করছিলেন সেগুলো তারা প্রকাশ করবেন। এ ইউটিউভ চ্যানেলটি তারা খুলেছেন কিন্তু সেখানে তারা নিজের কোন ভিডিও আপলোড করেননি। এর মধ্যে ৩১ জুলাই ভোররাতে অর্থাৎ পহেলা আগস্টের শুরুতেই পুলিশের গুলিতে এই

হত্যাকাণ্ডের পর থেকে দেখা যাচ্ছে জাস্টগো নামক চ্যানেল থেকে একের পর এক ভিডিও আপলোড হচ্ছে। সেখানে মি. সিনহার কক্সবাজারের তৈরি ভ্রমন চিত্র, তার স্কুল বিতর্ক, কি ঘটেছিল সে রাতে সিফাতের মুখ থেকে শুনুন আসল ঘটনা, ডাক দিয়েছেন দয়াল আমারে সেখানে তার ছবি দেয়া রয়েছে এরকম নানা শিরোনামে অন্তত **১৩**টি ভিডিও আপলোড হয়েছে গত এক সপ্তাহে।

বিবিসি ঃ ভিডিওগুলোর কিছু তো মেজর সিনহা ও তার সহকর্মীদের তৈরি করা। তাদের মধ্যে থেকে কেউ কী এই ইউটিউব চ্যানেলটি পরিচালনা করছে ?

রাকিব ঃ এখন পর্যন্ত যতটুকু জানা যাচ্ছে যে, তিনি বা তার সহকর্মী যারা ছিলেন সেখানে তাদের কেউ এটি করেননি। সব ভিডিওগুলো এখানে আপলোড করা হয়েছে তার সব ভিডিওগুলোও তাদের করা নয়। তার সব ভ্রমন সম্পর্কিও নয়, বরং হত্যাকাণ্ড পরবর্তী সংবাদ সম্মেলন থেকে শুরু করে আরও অনেক কিছু এই ভিডিওগুলো টিভি ফুটেজ থেকে নেয়া হয়েছে। যারা এগুলো আপলোড করেছেন তারা টিভি থেকে সংগ্রহ করেছেন। তারা মি. সিনহার আগের বিভিন্ন ধরনের ভিডিও সেখানে পেয়েছেন। অর্থাৎ তিনি স্কুল জীবনে বিতর্ক করেছেন বা কলেজ জীবনে বিতর্ক করেছেন সেটি আনা হয়েছে। এরকম নানা ভিডিও কেউ সংগ্রহ করেছে এবং সেগুলো তারা এখানে দিয়েছে। তবে মি. সিনহার সহকর্মী শিপ্রা দেবনাথের ঘনিষ্ট একটি সূত বিবিসি বাংলাকে নিশ্চিত করে বলেছেন যে, এগুলোর কোনটিই তারা আপলোড করেননি বরং ঘটনার পর থেকে মি. সিনহার সহকর্মীদের কয়েকজন আমরা জানি যে তাদের কে আটক করা হয়েছিল। তারা আটক অবস্থায় ছিলেন এই সময়টিতে ল্যাপটপ এবং ফোন তাদের হাতে ছিল না, ফলে কোন কিছু ব্যবহারের সুযোগও তাদের ছিল না। এর পর তারা জামিনে মুক্তি পাওয়ার পর ইউটিউবে এসব দেখছেন এবং সে কারণেই শিপ্রা দেবনাথ ফেইসবুকে ৮ মিনিটের একটি ভিডিও আপলোড করে বলেছেন যে, এসব ভিডিও তারা আপলোড করেননি। তবে এই ভিডিওগুলোর প্রায় সবই আসলে মি. সিনহা রাশেদকে নিয়েই। এগুলো ফেসবুকসহ সামাজিক যোগাযোগ মাধ্যমেও ব্যাপকভাবে শেয়ার করা হচ্ছে। এই হল তাদের দিক থেকে পাওয়া তথ্য। তবে আনুষ্ঠানিকভাবে কেউ এই বিষয়ে কোন মন্তব্য করতে রাজি হননি।

(বিবিসি: ১৯:৩০ ঘ: ১৩/০৮/২০২০ইং রিহাব/এলিনা/কোহিনূর)

যশোরে একটি কিশোর সংশোধনাগারে দুই দলের সংঘর্ষে তিনজন কিশোর নিহত

বাংলাদেশের দক্ষিণ পশ্চিমাঞ্চল জেলা যশোরের এক কিশোর সংশোধনাগারে দুই দলের সংঘর্ষে তিনটি কিশোর নিহত হয়েছে বলে জানা যাচ্ছে। এই ঘটনায় বেশ কয়েকজন আহত হয়েছে। পুলিশ বলছে, সংশোধনাগারে বন্দি কিশোরদের দুটি গ্রুপের মধ্যে কথা কাটাকাটির জের ধরে এই সংঘর্ষের শুরু হয়। বাংলাদেশের কিশোর সংশোধনাগারগুলোতে মাঝে মধ্যেই সংঘর্ষের ঘটনা ঘটে। এ নিয়ে বিস্তারিত জানাচ্ছেন সংবাদদাতা আকবর হোসেন। আকবর এই ঘটনা কিভাবে ঘটল? কি জানা যাচ্ছে?

মি. আকবর : পুলিশ যেটি জানিয়েছে যে, আজ বিকেলে সেখানে কিশোর সংশোধনাগার যেটি সেটার ভেতরে এই সংঘর্ষের ঘটনা ঘটে এবং এ সময় দুটো গ্রুপ একে অপরের ওপর লাঠিসোটা এবং নানা ধরনের পরিত্যক্ত জিনিস নিয়ে হামলা করে এবং কয়েকজন গুরুতর আহত হয় এবং তাদেরকে যখন যশোর হাসপাতালে নিয়ে যাওয়া হয় চিকিৎসকরা সেখানে মৃত ঘোষনা করেন এবং যারা মারা গেছেন এদের মধ্যে যেটা জানা গেছে পুলিশের সূত্রে দু'জনের বয়স হচ্ছে ১৮ বছর এবং একজনের বয়স ১৭ বছর এবং এরা বিভিন্ন মামলায় কারাগারে ছিলেন। যেহেতু তাদের বয়স ১৮ বছর পর্যন্ত এবং তাদেরকে পাঠানো হয় এই কিশোর সংশোধনাগারে। কারাগারে অন্য কয়েদিদের সঙ্গে রাখা হয় না। এটিও এক ধরনের কারাগার কিন্তু এখানকার পরিবেশ বা অন্য নিয়মকানুনগুলো সাধারণ কারাগারের চেয়ে একটু আলাদা।

বিবিসি: আকবর কিশোর সংশোধনাগার একটা নিরাপদ জায়গা। এটা কারাগার বাচ্চাদের জন্য। তো সেখানে যখন এই ঘটনাটি ঘটছিল তখন সেখানকার প্রশাসনিক কর্মকর্তারা কি করছিলেন?

মি. আকবর : বাংলাদেশে মোট ৩টি এরকম কিশোর সংশোধনাগার বা কিশোর উন্নয়ন কেন্দ্র যেগুলোকে বলা হচ্ছে সেগুলো আছে। এর মধ্যে দুটি গাজীপুরে এবং একটি হচ্ছে যশোরে। বিভিন্ন সময়ে কিন্তু এ ধরনের অভিযোগ আসে যে এগুলোর ভেতরে মারামারি হচ্ছে, সহিংসতা হচ্ছে, সেখান থেকে অভিযুক্ত কিশোররা পালিয়ে যাচ্ছে। কিন্তু একইসাথে এই সংশোধনাগারগুলোকে ঠিকমতো দেখাশোনা করা হয় না এমন অভিযোগও কিন্তু বেশ প্রবল এবং আজকেও যেটি হয়েছে যে সেখানে নাকি অনেকক্ষণ মারামারি হয়েছে দুই গ্রুপের মধ্যে এবং প্রথমদিকে সেখানকার যারা দায়িত্বে ছিলেন কর্মকর্তারা তারা সেটিকে তেমন একটা থামানোর চেষ্টা করেননি এমনটাই কিন্তু পুলিশের সূত্রে জানা যাচ্ছে। যদিও কর্মকর্তাদের সঙ্গে কথা বলা সম্ভব হয়নি কিন্তু এরকম একটা অভিযোগ আছে। কিন্তু যখন এটা থামানোর জন্য তারা গিয়েছেন এবং এক পর্যায়ে সেটাকে তারা ধামাচাপা দেয়ার চেষ্টা করেছেন এমন অভিযোগও আছে। সুতরাং বাংলাদেশের কিশোর সংশোধনাগারগুলোতে প্রায়শই এ ঘটনাগুলো ঘটে।

বিবিসি: আকবর একটু আগে আপনি কিছুটা বলছিলেন যে, এই সংশোধনাগারে সাধারণত কোন ধরনের কিশোরদের জায়গা হয় মানে কাদের আনা হয় এইখানে?

মি. আকবর : এখানে বিভিন্ন ধরনের অপরাধের সঙ্গে যারা জড়িত আছে তাদেরকেই আনা হয়। মূলত যাদেরকে যেমন, আজকের যে সংঘর্ষের ঘটনা ঘটছে যশোরে এখানে যে তিনজন মারা গেছে তাদের মধ্যে হত্যা এবং ধর্ষন মামলায় আসামী রয়েছে, তারা অভিযুক্ত। এছাড়া বিভিন্ন সময়ে আমরা এর আগেও দেখেছি যে যত এই কারাগারগুলো আছে তারা সেখানে চুরি, ছিনতাই থেকে শুরু করে হত্যা মামলা পর্যন্ত এরকম আসামী যারা কিশোর বয়স যাদের ১৮ বছর পর্যন্ত তাদের সেখানে পাঠানো হয়। মূলত ব্যাপারটি হচ্ছে যে তারা অনেক ছোট বয়সে যেহেতু অপরাদের সাথে জড়িয়ে পড়েছে তাদেরকে বিভিন্ন ধরনের কাউন্সিলিং ট্রেনিংয়ের মাধ্যমে সেখানে রেখে সংশোধন করা যায় কিনা সেই প্রচেষ্টা এখানে করার কথা কিন্তু বাস্তবতা হচ্ছে ভিন্ন। অভিযোগ রয়েছে সেই ধরনের প্রচেষ্টা আসলে এখানে কতটা নেওয়া হয় এটা নিয়ে প্রশ্ন আছে। (বিবিসি : ২২:৩০ ঘ. ১৩/০৮/২০২০ রুবাইয়া/আশরাফ)

ভয়েস অফ আমেরিকা

বাংলাদেশের সাবেক প্রধান বিচারপতি এসকে সিনহার বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা

ব্যাংক ঋণ জালিয়াতি এবং মানিলন্ডারিংয়ের অভিযোগে দুর্নীতি দমন কমিশন বা দুদকের মামলায় বাংলাদেশের সাবেক প্রধান বিচারপতি এসকে সিনহার বিরুদ্ধে বিচার শুরুর আদেশ দিয়েছে ঢাকার একটি আদালত। আদালত সাথে সাথে তার বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানাও জারি করেছে। বাংলাদেশের ইতিহাসে এই প্রথম কোনো সাবেক প্রধান বিচারপতি বা সর্বোচ্চ আদালতের কোনো বিচারকের বিরুদ্ধে মামলা ও গ্রেপ্তারি পরোয়ানা জারির ঘটনা ঘটলো।

ওই মামলায় সাবেক প্রধান বিচারপতি এসকে সিনহা ছাড়াও ১০ জন আসামি রয়েছেন এবং তাদের বিরুদ্ধেও একই আদেশ দেওয়া হয়েছে। আদালত ঢাকার একটি ব্যাংক থেকে ৪ কোটি টাকা ঋণ জালিয়াতি ও আত্মসাতের অভিযোগে দুদকের দায়ের করা গত বছরের ১০ জুলাইয়ের মামলায় এসকে সিনহাসহ ১১ জনের বিরুদ্ধে বৃহস্পতিবার অভিযোগ গঠন করে। দুদকের আইনজীবী রুহুল আমিন খান আদালতের আদেশ সম্পর্কে বিস্তারিত ব্যাখ্যা দিয়েছেন।

বিচারপতি এসকে সিনহা ২০১৭ সালের ১১ নভেম্বর বিশেষ পরিস্থিতিতে পদত্যাগ করেন এবং এর আগে বিদেশে চলে যান। বর্তমানে তিনি যুক্তরাষ্ট্রে অবস্থান করছেন বলে জানা গেছে।(ভোয়া: ২২০০ঘ. ১৩/০৮/২০২০ মোতালেব)

বাংলাদেশে করোনা সংক্রমণ উর্ধ্বমুখী- বিশ্বস্বাস্থ্য সংস্থা

বিশ্বস্বাস্থ্য সংস্থা'র দেয়া তথ্যে বাংলাদেশে করোনা সংক্রমণের ক্ষেত্রে দৈনিক নতুন রোগী শনাক্তের সংখ্যার আবারও উর্ধ্বমুখী প্রবণতা দেখা যাচ্ছে। জাতিসংঘের স্বাস্থ্যবিষয়ক এই সংস্থাটি বুধবার সবচেয়ে বেশি নতুন রোগী বেড়েছে বিশ্বের এমন শীর্ষ ১২টি দেশের যে তালিকা প্রকাশ করেছে তাতে বাংলাদেশের নামও রয়েছে বলে সংবাদ মাধ্যমের খবরে বলা হয়েছে।আগস্ট মাসের প্রথম সপ্তাহে স্বল্পসংখ্যক নমুনা পরীক্ষার কারণে দেশে করোনা রোগী শনাক্তের সংখ্যা কমে যাওয়ায় করোনা সংক্রমণের ক্ষেত্রে প্রথম সারির দেশগুলোর তালিকা থেকে বাংলাদেশের নাম বাদ পড়ে যায়। করোনার বিস্তারের উর্ধ্বমুখী প্রবণতা যে সকল দেশে দেখা যাচ্ছে তাদের সর্বশেষ যে তালিকা সংস্থাটি প্রকাশ করেছে তাতে বাংলাদেশের অবস্থান ১২ তম স্থানে রয়েছে। বাংলাদেশে বর্তমানে দৈনিক ১২/১৩ হাজার নমুনা পরীক্ষার ফলে করোনা রোগী শনাক্তের সংখ্যাও আগস্টের প্রথম সপ্তাহের তুলনায় বেড়েছে।

তবে স্বাস্থ্যমন্ত্রী জাহেদ মালিক বৃহস্পতিবার সাংবাদিকদের সাথে কথা বলার সময় দাবি করেছেন দেশে করোনা সংক্রমণ কমে এসেছে। স্বাস্থ্য বিশেষজ্ঞরা অবশ্য বলছেন, নমুনা পরীক্ষা দৈনিক ২৫-৩০ হাজারে উন্নীত করলে বাংলাদেশের করোনা পরিস্থিতির সার্বিক একটা চিত্র মিলতে পারে।এদিকে, স্বাস্থ্য অধিদপ্তরের এক প্রেস বিজ্ঞপ্তিতে বৃহস্পতিবার জানানো হয়েছে, দেশে গত ২৪ ঘণ্টায় ৪৪ জন করোনা রোগী মারা গেছেন এবং ১৩ হাজার ১৬২ টি নমুনা পরীক্ষা করে ২ হাজার ৬১৭ জন করোনা রোগী শনাক্ত হয়েছেন। এ নিয়ে দেশে এ পর্যন্ত করোনায় মারা গেলেন মোট ৩ হাজার ৫৫৭ জন এবং সংক্রমিত হয়েছেন মোট ২ লাখ ৬৯ হাজার ১১৫ জন। সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়েছে এযাবত ১ লাখ ৫৪ হাজার ৮৭১ জন রোগী সুস্থ হয়েছেন।(ভোয়া: ২২০০ঘ. ১৩/০৮/২০২০ মোতালেব)

রেডিও তেহরান

অনলাইনে স্বাস্থ্য বুলেটিন বন্ধে সরকারের বক্তব্য এবং বিভিন্ন মহলের প্রতিক্রিয়া

বাংলাদেশে একদিনের ব্যবধানে করোনাভাইরাসে (কোভিড-১৯) আক্রান্ত হয়ে আরো ৪৪ জনের মৃত্যু হয়েছে এবং নতুন করে ২,৬১৭ জনের করোনাভাইরাস সংক্রমণ সনাক্ত হয়েছে। ঢাকা থেকে আব্দুর রহমান খানের প্রতিবেদন:

স্বাস্থ্য অধিদফতরের সর্বশেষ হিসেব অনুয়াযী ২৪ ঘণ্টায় সনাক্তের হার ১৯ দশমিক ৮৮ শতাংশ এবং সনাক্ত বিবেচনায় মৃত্যুর হার ১ দশমিক ৩২ শতাংশ। এ অবস্থায় অনলাইন স্বাস্থ্য বুলেটিন বন্ধ রাখার পক্ষে যুক্তি দেখিয়ে স্বাস্থ্যমন্ত্রী

জাহিদ মালেক বলেছেন, করোনা সংক্রমণ ও মৃত্যুহার কমে আসায় সরাসরি ব্রিফিং না করে প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে করোনার সবশেষ তথ্য জানানোর ব্যবস্থা নেওয়া হয়েছে। আজ বৃহস্পতিবার (১৩ আগস্ট) বিশেষায়িত হাসপাতাল নির্মাণ সংক্রান্ত এক সভা শেষে সচিবালয়ে সাংবাদিকদের তিনি এ কথা বলেন।

এর আগে স্বাস্থ্য অধিদফতরের মহাপরিচালক আবুল বাসার মোহাম্মদ খুরশীদ আলম বলেছেন, ভিন্ন কারণের কথা। তিনি জানিয়েছেন, দিনের পর দিন একজন মানুষের পক্ষে প্রতিদিন মৃত্যুর খবর বলা খুবই মানসিক চাপের কারণ হয়ে গিয়েছিল। তাই আপাতত বন্ধ রাখা হয়েছে অনলাইন স্বাস্থ্য বুলেটিন।

তবে, অনলাইন বুলেটিন বন্ধ করার কারণ যাই হোক না কেন এরকম সিদ্ধান্ত স্বাস্থ্য বিশেষজ্ঞদের বিস্মিত করেছে। এ প্রসঙ্গে বিশ্বস্বাস্থ্য সংস্থার সাবেক আঞ্চলিক উপদেষ্টা ডাক্তার এম. এ. জাকির হোসেন বলেছেন, এটা বন্ধ করা উচিত হয়নি। এ খবর বিজ্ঞপ্তির মাধ্যমে প্রচার হলেও তা কয়েক ঘন্টা পরে টিভিতে অথবা একদিন পরে পত্রিকায় প্রকাশ পাবে। তাতে বিষয়টির তাৎক্ষণিকতার গুরুত্ব হারাবে।

এ প্রসঙ্গে আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের স্বাস্থ্য বিভাগের নিয়মিত বুলেটিন একেবারে বন্ধ না করে সপ্তাহে দুইদিন প্রচারের আহ্বান জানিয়েছেন। ওবায়দুল কাদের বলেছেন, করোনা সংক্রমণ, মৃত্যুসহ প্রতিদিন স্বাস্থ্য বিভাগের আপডেট বন্ধ হলে সংক্রমণ বিস্তারে জনমানুষের মাঝে শৈথিল্য দেখা দিতে পারে। পাশাপাশি গুজবের ডাল-পালা বিস্তারের আশঙ্কাও থেকে যাবে। তাই বিষয়টি বাস্তবতার নিরিখে বিবেচনায় নিতে হবে।জনস্বাস্থ্যবিদ মনে করেন, সরকারের এই সিদ্ধান্ত সংক্রমণ নিয়ন্ত্রণের ক্ষেত্রে নেতিবাচক প্রভাব ফেলবে। অনলাইন বুলেটিন বন্ধ করায় ভুল বার্তা যাবে সাধারণ মানুষের কাছে। অনেকে মনে করবেন, মহামারি গুরুত্ব হারিয়েছে। মানুষ গায়ে বাতাস লাগিয়ে বাইরে ঘুরতে যাবেন। সামাজিক দূরত্বের বালাই থাকবে না। অনেকে এখন আর মাস্ক পরার প্রয়োজন বোধ করবেন না। (রেডিও তেহরান: ২০৩৫ঘ. ১৩/০৮/২০২০ ফারুক/নারগীস)

সাবেক প্রধান বিচারপতি সিনহার বিরুদ্ধে দুর্নীতির মামলায় অভিযোগ গঠন

বাংলাদেশের সাবেক প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহার (এসকে সিনহা) বিরুদ্ধে দুর্নীতির এটি মামলায় অভিযোগ গঠন করেছে ঢাকার একটি বিশেষ জজ আদালত। ঢাকা থেকে আব্দুর রহমান খানের প্রতিবেদন:

বেসরকারি ফারমার্স ব্যাংক (বর্তমান নাম-পদ্মা ব্যাংক) থেকে ৪ কোটি টাকা ঋণ নিয়ে আত্মসাতের অভিযোগে দেশের দুর্নীতি দমন কমিশন গত বছর ১০ জুলাই এ মামলাটি দায়ের করে। এ মামলায় আজ বৃহস্পতিবার ঢাকার বিশেষ জজ আদালত-৪-এর বিচারক শেখ নাজমুল আলম অভিযুক্ত এসকে সিনহাসহ ১১ জনের বিরুদ্ধে চার্জ গঠন করেন। এর মধ্য দিয়েই শুরু হলো মামলাটির আনুষ্ঠানিক বিচারকাজ।

আগামী ১৮ আগস্ট এ মামলায় সাক্ষ্য গ্রহণ শুরুর তারিখ ঠিক করে দেন আদালত। এর আগে চলতি বছরের ৫ জানুয়ারি অভিযুক্তদের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করেন আদালত। বর্তমানে বিচারপতি সিনহা কানাডায় অবস্থান করছেন। আজ আদালতে তাকে পলাতক দেখানো হয়েছে।

প্রসঙ্গত, সংবিধানের ষোড়শ সংশোধনী বাতিলের রায় এবং বিচারিক বিষয়ে কিছু পর্যবেক্ষণের কারণে ক্ষমতাসীনদের তোপের মুখে পড়ে ২০১৭ সালের অক্টোবরের শুরুতে ছুটিতে যান তৎকালীন প্রধান বিচারপতি সুরেন্দ্র সিনহা। তারপর চিকিৎসার কথা বলে তিনি বিদেশ চলে যান। পরে বিদেশে অবস্থানকালে তিনি পদত্যাগপত্র পাঠিয়ে দেন।

এসকে সিনহার বিরুদ্ধে দুদকের দায়ের করা মামলায় অন্য আসামিরা হলেন ফারমার্স ব্যাংকের সাবেক ব্যবস্থাপনা পরিচালক (এমডি) এ কে এম শামীম, ব্যাংকটির সিনিয়র এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট ও সাবেক ক্রেডিট প্রধান গাজী সালাহউদ্দিন, ফার্স্ট ভাইস প্রেসিডেন্ট স্বপন কুমার রায়, সিনিয়র ভাইস প্রেসিডেন্ট ও গুলশান শাখার সাবেক ব্যবস্থাপক মো. জিয়া উদ্দিন আহমেদ, গুলশান শাখার ফার্স্ট ভাইস প্রেসিডেন্ট শাফিউদ্দিন আসকারী, ভাইস প্রেসিডেন্ট লুৎফুল হক, এসকে সিনহার কথিত পিএস রণজিৎ চন্দ্র সাহা ও তার স্ত্রী এবং মো. শাহজাহান ও নিরঞ্জন চন্দ্র সাহা নামের অন্য দু'জন।এদের মধ্যে ফারমার্স ব্যাংকের সাবেক ব্যবস্থাপনা পরিচালক একেএম শামীম ও সিনিয়র এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট ও সাবেক ক্রেডিট প্রধান গাজী সালাহউদ্দিন আত্মসমর্পণ করে জামিনে আছেন। আজ শুনানিকালে তারা হাজির হন। আর ফারমার্স ব্যাংকের উদ্যোক্তা পরিচালক ও অডিট কমিটির সাবেক চেয়ারম্যান মো. মাহবুবুল হক চিশতী (বাবুল চিশতী) অন্য এক মামলায় কারাগারে রয়েছেন। এছাড়া এসকে সিনহাসহ অপর আসামিরা পলাতক রয়েছেন বলে আদালতে জানানো হয়েছে।(রেডিতেহরান:২০৩৫ঘ.১৩/০৮/২০২০ফারুক/নারগীস)

১০ বছরে ৩ হাজার বিচারবহির্ভূত হত্যাকাণ্ড; প্রিয় জন্মভূমি আজ মৃত্যু উপত্যকা: বিএনপি

বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, '২০০৯ সালের জানুয়ারি থেকে ২০১৯ সালের ডিসেম্বর পর্যন্ত বর্তমান সরকারের অধীনে দেশে প্রায় ৩ হাজার মানুষ পুলিশ, র‍্যাব, ডিবির হাতে বিচারবহির্ভূত হত্যাকাণ্ডের

শিকার হয়েছেন। ২০২০ সালের ২৫ জুন পর্যন্ত ১৩৪ জন বিচারবহির্ভূত হত্যাকাণ্ডের শিকার হয়েছেন। এর অধিকাংশই বিরোধীদলীয় নেতাকর্মী।' ঢাকা থেকে আশরাফুর রহমানের প্রতিবেদন:

আজ (বৃহস্পতিবার) বেলা সাড়ে ১১টায় উত্তরার নিজ বাসা থেকে ভার্চুয়াল সংবাদ সম্মেলনে তিনি এসব কথা বলেন। মির্জা ফখরুল বলেন, "১০ বছর সময়ের মধ্যে দেশে জেল কাস্টডিতে মারা গেছেন ৭৯৫ জন, গুম হয়েছেন ৬০১ জন। ধর্ষণের শিকার হয়েছেন ৭ হাজার ৮০৬ জন নারী। ১ হাজার ৯৩৪ জন শিশু নির্যাতিত হয়েছে। ১৮ জন শিশু হত্যার শিকার হয়েছে। বিএনপি নেতাকর্মীদের নামে এক লাখের ওপর রাজনৈতিক মামলা হয়েছে। এই চিত্র বলে দেয় লাখো শহীদের রক্তের বিনিময়ে, লাখো মা-বোনের ইজ্জতের বিনিময়ে অর্জিত মহান স্বাধীনতার স্বদেশ প্রিয় জন্মভূমি আজ মৃত্যু উপত্যকা, জল্লাদের রঙ্গমঞ্চ।"

তিনি বলেন, "সম্প্রতি অবসরপ্রাপ্ত মেজর সিনহাকে পুলিশ হত্যা করেছে বলে পরিবারের পক্ষ থেকে সুনির্দিষ্ট অভিযোগে মামলা করা হয়েছে। অনেক পরিবারের সদস্যরা মামলা করতেও সাহস পায় না। সেনাবাহিনীর একজন মেজর এ ধরনের হত্যাকাণ্ডের শিকার হওয়ায় অবসরপ্রাপ্ত সেনা কর্মকর্তারা, সমগ্র জাতি যেভাবে প্রতিবাদমুখর হয়ে উঠেছে তাতে মেজর সিনহার পরিবার সাহস পাচ্ছে, বিচারপ্রার্থী হতে পারছে। আমরাও মেজর সিনহা হত্যার বিচার চাই, সব বিনাবিচারে হত্যাকাণ্ডের বিচার একদিন এ দেশের মাটিতে হবে, সে আস্থা এবং বিশ্বাস রাখি।"

বিএনপি মহাসচিব বলেন, 'মেজর সিনহা হত্যাকাণ্ডের পর আইএসপিআর থেকে জানানো হয়েছে যে, পুলিশের পক্ষক্ষ থেকে আশ্বস্ত করা হয়েছে ভবিষ্যতে আর এ ধরনের ঘটনার পুনরাবৃত্তি হবে না। যদি তাই হয়, তাহলে আমরা বলতে চাই, ক্রসফায়ারে হত্যাকাণ্ড ঘটানো বা না ঘটানো পুলিশ বাহিনীর সর্বোচ্চ পর্যায় থেকে ঠাণ্ডা মাথার সুপরিকল্পিত সিদ্ধান্ত?"বিনাবিচারে মানুষ খুন-গুম কখনো মুক্তিযুদ্ধের চেতনার সঙ্গে যায় না মন্তব্য করে তিনি বলেন, "আমাদের সংবিধান এটা সমর্থন করে না। রাজনৈতিক প্রতিপক্ষকে ঘায়েল করার জন্য, ভিন্নমতকে দমন করার জন্য এ ধরনের খুন-গুম-অত্যাচার আন্তর্জাতিক অপরাধ (ট্রাইব্যুনালস) আইন-১৯৭৩ এর ধারা-২(২)(ক) এর অধীন মানবতার বিরুদ্ধে অপরাধ হিসেবেও গণ্য হতে পারে। তাই আমরা বারবার বলতে চেয়েছি, আজকের আওয়ামী লীগ সরকার মুক্তিযুদ্ধের চেতনার বিরুদ্ধে অবস্থান নিয়েছে। সংবিধানের বিরুদ্ধে অবস্থান নিয়েছে। গণতন্ত্রের বিপক্ষে গিয়ে স্বৈরাচারী পথে হেঁটে মানবতাবিরোধী অপরাধে জড়িয়ে পড়েছে। আমরা এ অবস্থার অবসান চাই, বিনাবিচারে হত্যাকাণ্ড বন্ধ চাই, সাংবিধানিক শাসন চাই, খুন-গুমের রাজনীতি বন্ধ চাই, সব বিনাবিচারে হত্যা-গুম-খুনের বিচার চাই।"(রেডিও তেহরান: ২০৩৫ঘ. ১৩/০৮/২০২০ ফারুক/নারগীস)

এনএইচকে

টোকিও'র হাসপাতালের উপর চাপ বৃদ্ধি পাওয়া নিয়ে বিশেষজ্ঞদের সতর্কতা

টোকিও'র মেট্রোপলিটন সরকার জাপানের রাজধানীতে করোনাভাইরাস সংক্রমণ ও চিকিৎসা ব্যবস্থার মূল্যায়ন নিয়ে নিজস্ব অবস্থান ধরে রাখলেও বিশেষজ্ঞরা সতর্ক করে দিয়েছেন যে হাসপাতালগুলোর উপর চাপ বৃদ্ধি পেয়ে চলেছে। গত এক সপ্তাহে সংক্রমণের ধারা পরীক্ষা ও বিশ্লেষণ করে দেখার জন্য সরকার বৃহস্পতিবার কর্মকর্তা ও বিশেষজ্ঞদের একটি বৈঠকের আয়োজন করে। অংশগ্রহণকারীরা টানা পাঁচ সপ্তাহ ধরে টোকিওতে সংক্রমণ সতর্কতার মাত্রা সর্বোচ্চ চতুর্থ ধাপে বজায় রাখতে সম্মত হয়েছেন। এই মাত্রা আভাষ দিচ্ছে যে শহরে সংক্রমণ মনে হয় বিস্তৃত হচ্ছে। তারা বলেছেন, বুধবার পর্যন্ত তিনদিন ধরে নতুন ১,০০০ সংক্রমণের ঘটনাসহ এক সপ্তাহে চিহ্নিত নতুন সংক্রমণের সংখ্যা পূর্ববর্তী সপ্তাহের মতোই ছিল। বিশেষজ্ঞরা আরো বলছেন যে হাসপাতালে ভর্তি হওয়া রোগীর সংখ্যা বৃদ্ধি পেতে থাকায় চিকিৎসা প্রতিষ্ঠানগুলোর উপর চাপ এটা বৃদ্ধি করছে। কোনো রকম উপসর্গ দেখা দেয়নি কিংবা হালকা উপসর্গের লোকজনের জন্য নির্ধারিত স্থান সক্রিয়ভাবে ব্যবহারের আহ্বান তারা জানিয়েছেন।

(এনএইচকে: ২১০০ঘ. ১৩/০৮/২০২০ সোনিয়া/নারগীস)

ডয়চে ভেলে

করোনা সঙ্কটে প্রশ্নবিদ্ধ বেসরকারি হাসপাতাল

করোনার সময় বেসরকারি হাসপাতালের বিপুল টাকার বিল নিয়ে প্রশ্ন উঠছে। অভিযোগ, রোগীর অসহায়তার সুযোগ অন্যায্য বিল করছে হাসপাতাল। যদিও তাদের বক্তব্য কোভিড চিকিৎসার খরচই বিপুল। দুর্নীতি থাকলেও তা আছে মুষ্টিমেয় ক্ষেত্রে। পশ্চিমবঙ্গসহ ভারতে সরকারি স্বাস্থ্য পরিকাঠামো এখনো পর্যাপ্ত নয়। ফলে বহু মানুষকে উন্নততর চিকিৎসার জন্য বেসরকারি হাসপাতালে উপর নির্ভর করতেই হয়। চলতি সপ্তাহে মূলত দু'টি অভিযোগ ঘিরে সোশ্যাল মিডিয়ায় তীব্র সমালোচনা চলছে। কলকাতার রুবি জেনারেল হাসপাতালে ভর্তি হওয়া এক কোভিড রোগীর বিল ছড়িয়ে পড়েছে। তাতে দেখা যাচ্ছে, ১০ লাখ টাকার বেশি বিল করা হয়েছে। চিকিৎসক বাবদ খরচ নগণ্য, ঔষধ ও

ওয়ার্ডে ব্যবহৃত বিভিন্ন সামগ্রীর জন্য লক্ষ লক্ষ টাকা বিল করা হয়েছে। দ্বিতীয় অভিযোগের কেন্দ্রে উত্তর চব্বিশ পরগনার শ্যামনগরের এক জনপ্রিয় চিকিৎসক প্রদীপ ভট্টাচার্য। তিনি করোনায় আক্রান্ত হয়ে মারা গিয়েছেন। মেডিকা হাসপাতাল তাঁর চিকিৎসার জন্য প্রায় ১৯ লাখ টাকার বিল করেছে। হাসপাতাল সংক্রান্ত অভিযোগের নিষ্পত্তির জন্য পশ্চিমবঙ্গ সরকার যে স্বাস্থ্য কমিশন গঠন করেছে, তারা এই বিলের কথা জানতে পেরে খুব দ্রুত পদক্ষেপ নিয়েছে। কমিশনের প্রধান, অবসরপ্রাপ্ত বিচারপতি অসীম কুমার বন্দ্যোপাধ্যায় মেডিকা কর্তৃপক্ষকে বার্তা দিয়েছেন, বিল খতিয়ে দেখে কিছু টাকা প্রয়াত চিকিৎসকের পরিবারকে ফিরিয়ে দেওয়া হোক।করোনা চিকিৎসায় এই বিপুল অঙ্কের বিল কি যুক্তিসঙ্গত? মেডিকা সুপার স্পেশালিটি হাসপাতালের সিনিয়র ভাইস চেয়ারম্যান, বিশিষ্ট চিকিৎসক কুনাল সরকারের বক্তব্য, করোনার চিকিৎসা ব্যয়বহুল। তিনি ডয়চে ভেলেকে বলেন, ‘‘করোনা রোগীকে আইসিইউতে রেখে চিকিৎসা করাতে গেলে দৈনিক খরচ ৫০ হাজার টাকার মতো খরচ। এর নির্দিষ্ট কোনো ঔষধ নেই ঠিকই। কিন্তু যে ১০-১২ রকমের ঔষধ ব্যবহার করতে হয়, তার জন্য রোজ খরচ ৭-৮ হাজার টাকা। গুরুতর অসুস্থ কোভিড রোগী ২০দিন ভর্তি থাকলে তার বিল ১০ লক্ষে গিয়ে দাঁড়াচ্ছে। এটা সত্যিই কোনো পরিবারের পক্ষে যথেষ্ট চাপের। কিন্তু এটাই বাস্তব পরিস্থিতি।” (ডয়চে ভেলেঃ ০৮০০ঘ. ১৪/০৮/২০২০ সোনিয়া/নারগীস)

রেডিও এবিসি

স্বাস্থ্যখাতের অপ্রতিরোধ্য দুর্নীতির মূল হোতা মিঠু এখন ধরাছোঁয়ার বাইরে

কেন্দ্রীয় ঔষধ আগার সিএমএসডি এর সাবেক পরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মুহাম্মদ শহীদুল্লাহ তার মৃত্যুর আগে লিখিতভাবে সরকারকে জানিয়েছিলেন স্বাস্থ্য খাতের কেনাকাটায় অপ্রতিরোধ্য দুর্নীতির কারণ স্বাস্থ্যখাত মিঠু চক্রের কব্জায়। পরে মূলত রাষ্ট্রীয় গোয়েন্দা সংস্থা, দুদকসহ বেশ কয়েকটি সংস্থা নড়েচড়ে বসে। তবে ততদিনে মিঠু চক্রের প্রধান মোতাচ্ছিরুল ইসলাম মিঠু বিদেশে পাড়ি জমিয়েছেন।
(রেডিও এবিসিঃ ১৫০০ঘ. ১৩/০৮/২০২০ আছাদ/নারগীস)

দেশে করোনাভাইরাস সনাক্তে আবারো উর্ধ্বমুখী সূচক দেখা যায়

দেশে করোনা সংক্রমণের দৈনিক নতুন রোগী সনাক্তের সংখ্যায় আবারো উর্ধ্বমুখী প্রবণতা দেখা যাচ্ছে। নতুন রোগী বেশি বাড়ছে এমন দেশগুলোর বৈশ্বিক তালিকায় আবার বাংলাদেশের নাম এসেছে। নতুন রোগী সনাক্ত বৃদ্ধির পাশাপাশি প্রতিদিনই ঘটছে মৃত্যুর ঘটনা। (রেডিও এবিসিঃ ১৫০০ঘ. ১৩/০৮/২০২০ আছাদ/নারগীস)

খুনের মামলায় ২০ বছরের বেশি জেল খাটা ৩২৯ জন বন্দিকে মুক্তির প্রস্তাব অনুমোদন প্রধানমন্ত্রীর

খুনের মামলায় ২০ বছর বা তার চেয়ে বেশি সাজা খেটেছেন এমন ৩২৯ জন বন্দিকে মুক্তি দেয়ার প্রস্তাবে অনুমোদন দিয়েছেন প্রধানমন্ত্রী। অন্য কোনো কারণে আটক রাখার প্রয়োজন না থাকলে তাদের দ্রুত মুক্তি দেয়া হবে। স্কুল শিক্ষিকা ও স্থপতি জয়ন্ত রেজা হত্যা মামলার যাবজ্জীবন সাজাপ্রাপ্ত আসামি আজম রেজাও এই মুক্তির তালিকায় রয়েছেন। (রেডিও এবিসিঃ ১৫০০ঘ. ১৩/০৮/২০২০ আছাদ/নারগীস)

দেশে সামনের বছরগুলোতে বন্যা আরও তীব্র ও দীর্ঘস্থায়ী হতে পারে বিশেষজ্ঞদের আশঙ্কা

গত পাঁচ বছর ধরে দেশে বন্যা বাড়ছে। জলবায়ু পরিবর্তনের কারণে বাংলাদেশে বন্যা বেড়ে যাওয়ার যে আশঙ্কা তৈরি হয়েছিল ক্রমেই তা দৃশ্যমান হচ্ছে। সামনের দিনগুলোতে বন্যা আরো তীব্র ও দীর্ঘস্থায়ী হতে পারে বলে মনে করছে বন্যা ও নদী বিশেষজ্ঞরা।(রেডিও এবিসিঃ ১৫০০ঘ. ১৩/০৮/২০২০ আছাদ/নারগীস)

ওমানে উটের লাথিতে এক বাংলাদেশির মৃত্যু

ওমানে গতকাল বুধবার রাতে উটের লাথিতে ফয়েজ মিয়া নামের এক বাংলাদেশি যুবক মারা গেছেন। তার বাড়ি মৌলভীবাজারের কুলাউড়া উপজেলার দক্ষিণ দিলদারপুর গ্রামে।
(রেডিও এবিসিঃ ১৮০০ঘ. ১৩/০৮/২০২০ আছাদ/নারগীস)

মাদারীপুরে দু’পক্ষের সংঘর্ষে একজন নিহত

মাদারীপুরে আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে দু’পক্ষের সংঘর্ষে লুৎফর হাওলাদার নামে এক ব্যক্তি নিহত হয়েছেন। আহত হয়েছেন আরো অন্তত ১০ জন। (রেডিও এবিসিঃ ১৮০০ঘ. ১৩/০৮/২০২০ আছাদ/নারগীস)

কক্সবাজারের লবণ চাষী আব্দুস সাত্তার ক্রসফায়ারে নিহতের ঘটনায় করা মামলা খারিজ আদালতের

কক্সবাজারের মহেশখালীতে কথিত বন্দুকযুদ্ধে লবণ চাষী আব্দুস সাত্তার নিহতের ঘটনায় সাবেক ওসি প্রদীপ কুমার দাসসহ ২৯ জনের বিরুদ্ধে করা মামলা খারিজ করে দিয়েছেন আদালত। একইসঙ্গে তিন বছর আগে ওই বন্দুকযুদ্ধের ঘটনায় পুলিশের পক্ষ থেকে করা হত্যা মামলাটি তদন্ত করার জন্য সিআইডিকে দায়িত্ব দেয়া হয়। আজ মহেশখালীর সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের বিচারক আব্বাসউদ্দীন এই আদেশ দেন।

(রেডিও এবিসি: ১৮০০ঘ. ১৩/০৮/২০২০ আছাদ/নারগীস)

রেডিও টুডে

ফারমার্স ব্যাংকের টাকা আত্মসাতের অভিযোগে সাবেক প্রধান বিচারপতি এসকে সিনহার বিচার শুরু

ফারমার্স ব্যাংকের ঋণ জালিয়াতির মামলায় সাবেক প্রধান বিচারপতি এসকে সিনহাসহ ১১ জনের বিরুদ্ধে অভিযোগপত্র গঠন করেছেন আদালত। এর মাধ্যমে এই মামলার আনুষ্ঠানিক বিচারকার্যক্রম শুরু হলো। একই সঙ্গে এই মামলায় এসকে সিনহাসহ পলাতক ৮ আসামির বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করেছেন আদালত। ঢাকার বিশেষ জজ শেখ নাজমুল আলম আজ আসামির বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করেন। এর আগে গত ২০ ফেব্রুয়ারি ঢাকা মহানগর দায়রা জজ কেএম ইমরুল কায়েস মামলাটি ঢাকার বিশেষ জজ-৪ এ বদলির আদেশ দেন। গত বছরের ১০ জুলাই ফারমার্স ব্যাংক থেকে ৪ কোটি টাকা আত্মসাত এবং পাচারের অভিযোগে সাবেক প্রধান বিচারপতি এসকে সিনহাসহ ১১ জনের বিরুদ্ধে মামলা করে দুদক।
(রেডিও টুডে: ১৩৪৫ঘ. ১৩/০৮/২০২০ আছাদ/নারগীস)

জেকেজির চেয়ারম্যান ও প্রধান নির্বাহী আরিফুলসহ ৮ জনের অভিযোগ গঠনের শুনানি পিছিয়েছে

করোনা পরীক্ষায় জালিয়াতির মামলায় জেকেজি হেলথ কেয়ারের চেয়ারম্যান সাবরিনা চৌধুরী ও প্রধান নির্বাহী কর্মকর্তা আরিফুল হক চৌধুরীসহ আট জনের বিরুদ্ধে অভিযোগ গঠনের শুনানি পিছিয়ে আগামী ২০ আগস্ট ঠিক করেছেন আদালত। আসামিপক্ষের আইনজীবীদের আবেদনের প্রেক্ষিতে ঢাকা মহানগর হাকিম শরিফুজ্জামান আনসারীর আদালত দুপুরে শুনানির নতুন দিন ধার্য করেন। একইসঙ্গে আসামিদের জামিন আবেদন নামঞ্জুর করেন আদালত। (রেডিও টুডে: ১৩৪৫ঘ. ১৩/০৮/২০২০ আছাদ/নারগীস)

বিনা বিচারে মানুষ খুন গুম কখনও মুক্তিযুদ্ধের চেতনার সাথে যায় না: মির্জা ফখরুল

বিনা বিচারে মানুষ খুন, গুম কখনো মুক্তিযুদ্ধের চেতনার সাথে যায় না বলে মন্তব্য করেছেন বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। সকালে রাজধানীর উত্তরায় নিজ বাসা থেকে এক ভার্চুয়াল সংবাদ সম্মেলনে তিনি একথা বলেন। ফখরুল বলেন, ২০০৯ সালের জানুয়ারি থেকে ২০১৯ সালের ডিসেম্বর পর্যন্ত বর্তমান সরকারের অধীনে দেশে প্রায় ৩ হাজার মানুষ বিচারবহির্ভুত হত্যাকাণ্ডের শিকার হারিয়েছেন। আর ২০২০ সালের ২৫ জুন পর্যন্ত ১৩৪ জন বিচারবহির্ভুত হত্যার শিকার হয়েছেন, যার অধিকাংশই বিরোধী দলের নেতাকর্মী বলে দাবি করেছেন বিএনপির মহাসচিব। (রেডিও টুডে: ১৩৪৫ঘ. ১৩/০৮/২০২০ আছাদ/নারগীস)

তারেক মাসুদ ও মিশুক মুনীরের নবম মৃত্যুবার্ষিক আজ

আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন চলচ্চিত্র নির্মাতা তারেক মাসুদ ও এটিএন নিউজের প্রধান নিবার্হী কর্মকর্তা মিশুক মুনীরের নবম মৃত্যুবার্ষিক আজ। ২০১১ সালের আজকের দিনে মানিকগঞ্জের ঘিওর উপজেলার এলাকায় মর্মান্তিক সড়ক দুর্ঘটনায় তারা নিহত হন। মানিকগঞ্জে একটি নতুন ছবির শুটিংয়ের স্পট দেখে থেকে ফেরার পথে ওই দুর্ঘটনা ঘটেছিল। দেশের চলচ্চিত্রেকে আন্তর্জাতিক আঙ্গিনায় নিয়ে যাওয়ার ক্ষেত্রে অগ্রণী ভূমিকা রেখেছিলেন তারেক মাসুদ। অন্যদিকে ক্যামেরা ডিরেক্টর হিসেবে যেসব বাংলাদেশি আন্তর্জাতিক অঙ্গনে খ্যাতি পেয়েছেন তার মধ্যে মিশুক মুনীর ছিলেন অন্যতম। শহীদ বুদ্ধিজীবী মুনীর চৌধুরীর ছেলে মিশুক মুনীর দক্ষিণ পূর্ব এশিয়ার বিভিন্ন দেশে বিবিসির ভিডিও গ্রাহক হিসেবে কাজ করেছেন দীর্ঘদিন। নিজ নিজ ক্ষেত্রে বিশেষ অবদানের স্বীকৃতিতে ২০১২ সালে তাদের দুজনকে মরণোত্তর একুশে পদক এ ভূষিত করে সরকার। (রেডিও টুডে: ১৩৪৫ঘ. ১৩/০৮/২০২০ আছাদ/নারগীস)

সাংবাদিক গোলাম সরোয়ারের দ্বিতীয় মৃত্যুবার্ষিক আজ

দেশের আধুনিক সংবাদপত্রের অন্যতম পথিকৃৎ সাংবাদিক গোলাম সরোয়ারের দ্বিতীয় মৃত্যুবার্ষিকী আজ। ২০১৮ সালের এই দিনে ৭৫ বছর বয়সে সিঙ্গাপুরে চিকিৎসাধীন অবস্থায় মারা যান তিনি। সাবেক সম্পাদক গোলাম সরোয়ারের মৃত্যু বার্ষিকীতে তার কবরে ফুল দিয়ে শ্রদ্ধা জানিয়েছে দৈনিক সমকাল পরিবার। এছাড়া দোয়া ও মিলাদ মাহফিলের আয়োজন করা হয়েছে তার পরিবারের পক্ষ থেকে। দৈনিক সমকাল এবং দৈনিক যুগান্তরের প্রতিষ্ঠাতা সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করেছেন গোলাম সরোয়ার। এর আগে দীর্ঘ তিন দশক ধরে দৈনিক ইত্তেফাক পত্রিকার বার্তা সম্পাদকের দায়িত্ব পালন করেছেন তিনি। (রেডিও টুডে: ১৩৪৫ঘ. ১৩/০৮/২০২০ আছাদ/নারগীস)

কুড়িগ্রামে এক সড়ক দুর্ঘটনায় একই পরিবারের ৩ জনসহ ৪ জন নিহত

কুড়িগ্রামে বিআরটিসির একটি যাত্রীবাহী বাস ও প্রাইভেট কারের মুখোমুখি সংঘর্ষে একই পরিবারের ৩ জনসহ ৪ জন নিহত এবং দুজন আহত হয়েছেন। সকালে কুড়িগ্রাম রংপুর মহাসড়কের দাসেরহাট এলাকায় এই দুর্ঘটনা ঘটে।
(রেডিও টুডে: ১৩৪৫ঘ. ১৩/০৮/২০২০ আছাদ/নারগীস)

জনসংহতি সমিতির একজন কেন্দ্রীয় নেতা পাতিন্দ্র লাল চাকমা মারা গেছেন

পার্বত্য চট্টগ্রাম জনসংহতি সমিতি এমএন লারমার কেন্দ্রীয় সভাপতি পাতিন্দ্র লাল চাকমা ওরফে মেজর বেলিন মারা গেছেন। ফুসফুসজনিত রোগে আক্রান্ত হয়ে আজ সকাল সাড়ে ৯টার দিকে চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে মারা যান তিনি। তার বয়স হয়েছিল ৭২ বছর। মৃত্যুকালে তিনি দুই ছেলে, এক মেয়ে ও স্ত্রীসহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন। (রেডিও টুডে: ১৩৪৫ঘ. ১৩/০৮/২০২০ আছাদ/নারগীস)

দেশে করোনাভাইরাসে নতুন আক্রান্ত ২,৬১৭; মারা গেছে ৪৪ জন

দেশে গত ২৪ ঘণ্টায় করোনাভাইরাসের সংক্রমণ আরো ৪৪ জনের মৃত্যু হয়েছে। একই সময় নতুন করোনা রোগী সনাক্ত হয়েছে ২,৬১৭ জন। এছাড়া ২৪ ঘণ্টায় করোনার সংক্রমণ থেকে সুস্থ হয়ে উঠছেন আরো ১,৭৮২ জন। দুপুরে স্বাস্থ্য অধিদফতরের করোনা বিষয়ক সংবাদ বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়েছে।
(রেডিও টুডে: ১৮৪৫ঘ. ১৩/০৮/২০২০ আছাদ/নারগীস)

করোনার সংক্রমণ ও মৃত্যুহার কমায় স্বাস্থ্য অধিদফতরের সরাসরি ব্রিফিং বন্ধ করা হয়েছে: স্বাস্থ্যমন্ত্রী

স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক বলেছেন, করোনার সংক্রমণ ও মৃত্যুহার কমে আসার কারণেই সরাসরি ব্রিফিং না করে প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে এ সংক্রান্ত তথ্য জানানোর ব্যবস্থা করা হয়েছে। মন্ত্রী আজ বিশেষায়িত হাসপাতাল নির্মাণ সংক্রান্ত এক সভা শেষে সচিবালয়ে সাংবাদিকদের একথা বলেন। এ সময় স্বাস্থ্যমন্ত্রী জানান, আগামী মাসে বেশ কয়েকটি সরকারি হাসপাতাল করোনার জন্য চিহ্নিত করে বাকি হাসপাতাল অন্যান্য রোগের চিকিৎসার জন্য নির্ধারণ করা হবে।
(রেডিও টুডে: ১৮৪৫ঘ. ১৩/০৮/২০২০ আছাদ/নারগীস)

স্বাস্থ্য অধিদফতরের সাবেক মহাপরিচালক আবুল কালামকে দ্বিতীয়দিনের মতো জিজ্ঞাসাবাদ দুদকের

করোনা পরীক্ষা নিয়ে রিজেন্ট হাসপাতাল ও জেকেজির প্রতারণার অভিযোগ অনুসন্ধানে স্বাস্থ্য অধিদফতরের সদ্য সাবেক মহাপরিচালক ডাক্তার আবুল কালাম আজাদকে আজ দ্বিতীয়দিনের মতো জিজ্ঞাসাবাদ করেছে দুদক। রাজধানীর সেগুনবাগিচায় দুদক কার্যালয়ে সকাল ১০টা থেকে বিকেল ৩টা ৩০ মিনিট পর্যন্ত দুদকের পরিচালক শেখ মোঃ ফানাফিল্লাহর নেতৃত্বে অনুসন্ধান কর্মকর্তারা তাকে জিজ্ঞাসাবাদ করেন। জিজ্ঞাসাবাদ শেষে বেরিয়ে এসে ডাক্তার আজাদ সাংবাদিকদের বলেন, রিজেন্ট ও জেকেজি সম্পর্কে তিনি যা জানেন তা দুদক কর্মকর্তাদের বলেছেন।
(রেডিও টুডে: ১৮৪৫ঘ. ১৩/০৮/২০২০ আছাদ/নারগীস)

স্বাস্থ্য অধিদফতরের নতুন অতি মহাপরিচালক হিসেবে নিয়োগ পেয়েছেন অধ্যাপক ডা. ফ্লোরা

স্বাস্থ্য অধিদফতরের অতিরিক্ত মহাপরিচালক পরিকল্পনা ও উন্নয়ন হিসেবে নিয়োগ পেয়েছেন রোগতত্ত্ব রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা প্রতিষ্ঠান আইইডিসিআর'র পরিচালক অধ্যাপক ডাক্তার মীরজাদী সেব্রিনা ফ্লোরা। আজ স্বাস্থ্য মন্ত্রণালয়ের উপ-সচিব শারমিন আক্তার জাহান স্বাক্ষরিত এক প্রজ্ঞাপনে এই নিয়োগের কথা জানানো হয়েছে। এতে বলা হয় আগামী ২০ আগস্ট থেকে এই আদেশ কার্যকর হবে। (রেডিও টুডে: ১৮৪৫ঘ. ১৩/০৮/২০২০ আছাদ/নারগীস)

সিনহা হত্যা মামলায় রিমান্ড মঞ্জুরকৃত আসামিদের আজও র‍্যাব হেফাজতে নেয়া হয়নি

সেনাবাহিনীর সাবেক কর্মকর্তা মেজর সিনহা মোঃ রাশেদ হত্যা মামলায় রিমান্ড মঞ্জুর হওয়া আসামিদের আজ র‍্যাব হেফাজতে নেয়ার কথা থাকলেও তা হয়নি। আসামিদের নিতে সকালে কক্সবাজার জেলগেটে র‍্যাবের গাড়ি গেলেও তা ফিরে আসে। র‍্যাবের আইন ও গণমাধ্যম শাখার পরিচালক লেফটেন্যান্ট কর্নেল আশিক বিল্লাহ জানিয়েছেন রিমান্ডপ্রাপ্ত ৭ আসামিকে রিমান্ডে নেয়ার প্রস্তুতি চলছে যেকোনো সময় নিয়ে যাওয়া হবে। এই ৭ জনের রিমান্ড শেষে রিমান্ডপ্রাপ্ত অপর তিন আসামি ওসি প্রদীপ, পুলিশ পরিদর্শক লিয়াকত, এসআই নন্দ দুলাল রক্ষিতকে পরে নিয়ে যাবে বলেও জানান তিনি। (রেডিও টুডে: ১৮৪৫ঘ. ১৩/০৮/২০২০ আছাদ/নারগীস)

মহেশখালীর লবণচাষী সাত্তার নিহতের ঘটনায় দায়েরকৃত মামলা গ্রহণে পুলিশকে আদালতের নির্দেশ

ওসি প্রদীপের বিরুদ্ধে মহেশখালীর লবণচাষী আব্দুস সাত্তার হত্যার ঘটনায় দায়ের করা মামলা গ্রহণে পুলিশকে নির্দেশ দিয়েছেন কক্সবাজার একটি আদালত। আর মামলা তদন্তের নির্দেশ দেয়া হয়েছে সিআইডিকে।
(রেডিও টুডে: ১৮৪৫ঘ. ১৩/০৮/২০২০ আছাদ/নারগীস)

আগামী ১৮ আগস্ট থেকে ঢাকা-কুয়ালালামপুর-ঢাকা রুটে পুনরায় বাণিজ্যিক ফ্লাইট চলাচল শুরু হচ্ছে

আগামী ১৮ আগস্ট থেকে ঢাকা-কুয়ালালামপুর-ঢাকা রুটে পুনরায় বাণিজ্যিক ফ্লাইট পরিচালনা করবে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স। গতকাল বিমানের এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে ঢাকা থেকে মালয়েশিয়ার রাজধানী কুয়ালালামপুরের উদ্দেশ্যে সপ্তাহে মঙ্গল ও শুক্রবার এবং কুয়ালালামপুর থেকে ঢাকায় বুধ ও শনিবার বিমানের ফ্লাইট

চলবে। ভ্রমণের ক্ষেত্রে প্রয়োজনীয় শর্ত ও তথ্যগুলো রাষ্ট্রায়ত্ত এই সংস্থার ওয়েবসাইটে পাওয়া যাবে। এদিকে আগামী ১৬ আগস্ট থেকে ঢাকা-কুয়ালালামপুর রুটে ফ্লাইট চালু করতে যাচ্ছে ইউএস-বাংলা এয়ারলাইন্স।
(রেডিও টুডে: ০৮৪৫ঘ. ১৪/০৮/২০২০ আছাদ/নারগীস)

করোনা মহামারিতে সারাবিশ্বের মৃত্যুর সংখ্যা ৭ লাখ ৪৮ হাজারের বেশি

বিশ্বজুড়ে করোনাভাইরাসে মৃত্যুর সংখ্যা ৭ লক্ষ ৪৮ হাজারের বেশি। আর সর্বমোট সনাক্ত হয়েছে ২ কোটি ৯ লক্ষক্ষ মানুষ। যাদের মধ্যে সুস্থ হয়েছে ১ কোটি ৩৭ লাখ করোনা রোগী।
(রেডিও টুডে: ০৮৪৫ঘ. ১৪/০৮/২০২০ আছাদ/নারগীস)

ঢাকা-সিলেট মহাসড়কের ওসমানী নগরে সড়ক দুর্ঘটনায় ৬ জন নিহত

সিলেট-ঢাকা মহাসড়কের ওসমানী নগরে মর্মান্তিক সড়ক দুর্ঘটনায় একই পরিবারের ৪ জনসহ মোট ৬ জন নিহত হয়েছে। ওই ঘটনায় আহত হয়েছেন আরো কয়েকজন। নিহতদের মধ্যে তিন শিশু, এক নারী এবং অপরজন পুরুষ। আরেকজন সিএনজিচালিত অটোরিকশার চালক। গতরাত সাড়ে ৮টার দিকে ওসমানী নগর উপজেলার সাদিপুরের বেগমপুরে একটি বাস এবং অটোরিকশার মধ্যে সংঘর্ষ হলে এই দুর্ঘটনা ঘটে। দুর্ঘটনার পর পর স্থানীয় উত্তেজিত জনতা সড়ক অবরোধ করে। (রেডিও টুডে: ০৮৪৫ঘ. ১৪/০৮/২০২০ আছাদ/নারগীস)

কোনোভাবেই শোক দিবসের পরিবেশ বিনষ্ট করা যাবে না: ওবায়দুল কাদের

কোনো ব্যক্তি বা গোষ্ঠীর স্বার্থ সিদ্ধির জন্য শোক দিবসের পরিবেশ যাতে বিনষ্ট না হয় সে ব্যাপারে সবাইকে সতর্ক থাকার আহ্বান জানিয়েছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক, সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। গতকাল বিকেলে আওয়ামী লীগের সভাপতির রাজনৈতিক কার্যালয়ে ১৫ আগস্ট শোক দিবস উপলক্ষ্যে আয়োজিত এক মতবিনিময় সভা শেষে তিনি একথা বলেন। এ সময় বঙ্গবন্ধু কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বের বঙ্গ বন্ধুর জন্ম শতবার্ষিকীর পটভূমিতে দাঁড়িয়ে জাতীয় শোক দিবস পালন করে তার আদর্শে দেশ গড়ার ব্রত নিয়ে কাজ করতে দলের নেতা-কর্মীদের প্রতি আহ্বান জানান ওবায়দুল কাদের।
(রেডিও টুডে: ০৮৪৫ঘ. ১৪/০৮/২০২০ আছাদ/নারগীস)

শিপ্রা ও সিফাদের ভূমিকা পুরো জাতিকে হতাশ করেছে: নূরুল হক নূর

কক্সবাজারের মেরিন ড্রাইভে পুলিশের গুলিতে নিহত সাবেক সেনা কর্মকর্তা মেজর সিনহার সহযোগী স্টামফোর্ড বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী শিপ্রা দেবনাথের ফেসবুকে প্রকাশিত ভিডিও বার্তা নিয়ে সমালোচনা করেছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র সংসদের সাবেক ভিপি নূরুল হক নূর। তিনি নিজ স্ট্যাটাসে শিপ্রা এবং সিফাতের উদ্দেশে বলেন তাদের ভূমিকা পুরো জাতিকে হতাশ করেছে। ওই স্ট্যাটাসে মেজর সিনহা হত্যার প্রত্যক্ষ সাক্ষী হিসেবে সিফাত এবং শিপ্রা ভয় আত্মকেন্দ্রিক হয়ে গেছে বলে অভিযোগ করেন নূরুল হক নূর। তিনি বলেন, আমাদের মতো প্রতিবাদী মানুষ রাজপথে না নামলে তোমাদের মামলার আসামি হয়েই কারাগারে থাকতে হতো।
(রেডিও টুডে: ০৮৪৫ঘ. ১৪/০৮/২০২০ আছাদ/নারগীস)

যশোর কিশোর উন্নয়ন কেন্দ্রে আধিপত্য বিস্তার নিয়ে দুইদল কিশোরের মধ্যে সংঘর্ষে ৩ কিশোর নিহত

যশোর কিশোর উন্নয়ন কেন্দ্রে আধিপত্য বিস্তার নিয়ে দুই দল কিশোরের মধ্যে সংঘর্ষে ৩ কিশোর নিহত হয়েছে। আহত হয়েছেন আরো অন্তত ১৪ জন কিশোর। পুলিশ জানায় তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে শিশু উন্নয়ন কেন্দ্রে বন্দি কিশোরদের দুই গ্রুপের মধ্যে কথা কাটাকাটি হয়। এরই জের ধরে রড এবং লাঠিসোটা নিয়ে তারা সংঘর্ষে জড়িয়ে পড়ে। এতে মারাত্মকভাবে জখম হয় বেশ কয়েকজন। তাদেরকে উদ্ধার করে যশোর সদর হাসপাতালে নেয়া হলে নাঈম হোসেন, পারভেজ এবং রাসেল নামে তিন কিশোরকে মৃত বলে ঘোষণা করেন চিকিৎসক। যশোরের পুলিশ সুপার মোঃ আশরাফ হোসেন জানান, নানা অপরাধে জড়িত দেশের বিভিন্ন জেলার ২৮০ কিশোর আদালতের মাধ্যমে ওই কেন্দ্রে গিয়েছে। তাদের মধ্যে অভ্যন্তরীণ বিরোধের জের ধরে সংঘর্ষের ঘটনা।
(রেডিও টুডে: ০৮৪৫ঘ. ১৪/০৮/২০২০ আছাদ/নারগীস)

সিনহা হত্যার ঘটনায় দু'বাহিনীকে মুখোমুখি দাঁড় করানোর অপচেষ্টা চলছে: পুলিশ সা. অ্যাসোসিয়েশন

সেনাবাহিনীর অবসরপ্রাপ্ত কর্মকর্তা সিনহা মোঃ রাশেদ খান হত্যার ঘটনায় রাষ্ট্রের গুরুত্বপূর্ণ দুটি পেশাদার বাহিনীকে মুখোমুখি দাঁড় করানোর অপচেষ্টা চলছে বলে মনে করে পুলিশ সার্ভিস অ্যাসোসিয়েশন। এই পরিস্থিতি থেকে উত্তরণে সুশীল সমাজ, সংবাদমাধ্যম সহ সর্বসাধারণের আন্তরিক সহযোগিতা চেয়েছে সংগঠনটি। ডিএমপি কমিশনারও পুলিশ সার্ভিস অ্যাসোসিয়েশনের সভাপতি মোঃ শফিকুল ইসলাম এবং সাধারণ সম্পাদক জায়েদুল আলম এর সই করা এক সংবাদ বিজ্ঞপ্তিতে একথা বলা হয়েছে। এতে বলা হয় এই ঘটনায় পুরো দেশের মানুষের মতো বাংলাদেশ পুলিশের

প্রত্যেক সদস্য দুঃখিত ও মর্মাহত। একটি স্বার্থান্বেষী মহল ফেসবুক, ইউটিউবসহ বিভিন্ন মাধ্যমে নানা রকম অপপ্রচার চালিয়ে আইনি কার্যক্রমকে প্রভাবিত ও বাধাগ্রস্ত করার জন্য তৎপর রয়েছে।
(রেডিও টুডে: ০৮৪৫ঘ. ১৪/০৮/২০২০ আছাদ/নারগীস)

BBC

BIDEN AND HARRIS SAY TRUMP HAS LEFT US IN TATTERS

Democratic presidential candidate Joe Biden and running mate Kamala Harris have attacked whining President Donald Trump as an incompetent leader who has left the US in tatters. The pair held their first campaign event together, a day after Mr. Biden unveiled Ms. Harris as his number two. President Trump hit back, saying Ms. Harris had dropped like a rock in her own presidential bid. Mr. Biden will face Mr. Trump, a Republican, in November's election. (BBC: 22:00+23:00hrs. 13/08/2020 Faruk/Nargis)

INDIA RECORDS OVER 47,000 CORONAVIRUS FATALITIES

India has become the country with the fourth highest number of deaths linked to Covid-19 in the world. Its fatalities jumped by 942 on Thursday, taking its total to 47,033. The rise in deaths pushed India's toll past that of the UK, which had recorded 46,791 fatalities to date, according to data collated by Johns Hopkins University. The UK toll was revised down further on Wednesday to 41,329 due to a new method of counting being introduced. India also recorded its biggest single-day spike in cases with 66,999 new infections on Thursday, pushing the total to nearly 2.4 million. (BBC: 22:00+23:00hrs. 13/08/2020 Faruk/Nargis)

6% OF ENGLAND HAS BEEN INFECTED WITH VIRUS, STUDY SAYS

An estimated 3.4 million people - or around 6% of the population - in England had already been infected with Covid-19 by mid-July, a new study suggests. The number is far higher than previous estimates. The number of confirmed cases, according to the Johns Hopkins University running tally, is around 3,15,000. The figure comes from a study by Imperial College London of more than 1,00,000 volunteers, in the world's largest home testing initiative. (BBC: 22:00+23:00hrs. 13/08/2020 Faruk/Nargis)

IMPORTED CHICKEN WINGS TEST POSITIVE: CHINA

The authorities in the southern Chinese city of Shenzhen say that a surface sample taken from some frozen chicken wings imported from Brazil has tested positive for coronavirus. The chicken wings were tested by local health authorities as part of routine screenings of food imports. The Shenzhen local government said tests of every person who might have come into contact with the infected batch, as well as food products stored near it, had come back negative. (BBC: 22:00+23:00hrs. 13/08/2020 Faruk/Nargis)

ANOTHER INDIAN CABINET MINISTER TESTS POSITIVE

Indian cabinet minister Shripad Naik has tested positive for the coronavirus, he has announced on Twitter. Naik, whose briefs include defence, said his vital signs were normal, adding he would isolate himself at home. He is the latest of Indian Prime Minister Narendra Modi's ministers to test positive for Covid-19. Home Minister Amit Shah and Petroleum Minister Dharmendra Pradhan are among those who have contracted the virus.
(BBC: 22:00+23:00hrs. 13/08/2020 Faruk/Nargis)

WOMEN FORM SOLIDARITY CHAINS IN BELARUS PROTESTS

Women have formed human chains in Belarus to condemn a crackdown on protests over the disputed election. Many dressed in white and carried flowers as they called for an end to police brutality, in demonstrations that began on Wednesday. Unrest erupted after long-time leader Alexander Lukashenko was declared winner of Sunday's vote, sparking allegations of vote rigging. Thousands of people have been arrested and at least two have died.
(BBC: 22:00+23:00hrs. 13/08/2020 Faruk/Nargis)

MOZAMBIQUE BATTLES TO RETAKE KEY PORT FROM MILITANTS

Mozambique says its troops are fighting to regain control of the key port of Mocimboa da Praia, following multiple reports that it had fallen to Islamist militants On Wednesday. The city is near the site of natural gas projects worth $60bn. The military says there is ongoing action to neutralize the Islamists, who have been using the local population as shields. It follows days of fighting for the port in the country's gas-rich north.

(BBC: 22:00+23:00hrs. 13/08/2020 Faruk/Nargis)

SPANISH REGION BANS SMOKING OVER COVID-19 RISK

The Spanish region of Galicia has effectively banned smoking in public places over concerns it increases the risk of Covid-19 transmission. It has issued a blanket ban on smoking in street and in public places, such as restaurants and bars, if social distancing is not possible. The north-western region is the first to introduce such a measure, although others are considering following suit. It comes as Spain faces the worst infection rate in western Europe. (BBC: 22:00+23:00hrs. 13/08/2020 Faruk/Nargis)

MEXICO AND PERU INCH TOWARDS HALF A MILLION CASES EACH

Mexico and Peru, which are Latin America's worst-affected countries after Brazil, are both expected to surpass more than half a million confirmed coronavirus cases on Thursday. Mexico registered 6,686 new cases on Wednesday to reach 498,380. The capital, Mexico City, has the highest number of infections, followed by the surrounding Mexico state, Guanjuato and Tabasco. Peru had a new daily record high with 8,875, reaching 498,555 on Wednesday. (BBC: 06:00hrs. 14/08/2020 Faruk/Nargis)

US SEES HIGHEST DAILY DEATH TOLL SINCE MAY

The US has recorded almost 1,500 more deaths linked to the coronavirus pandemic, its biggest single-day increase in fatalities since mid-May, data has shown. Wednesday's rise brought the country's death toll to at least 166,000 nationwide, according to a tally by Johns Hopkins University. Coronavirus infections are still on the rise too, with at least five million confirmed to date. As the US edges towards 5.2 million cases, the Trump administration continues to push for children to return to schools, businesses to reopen and crowds to fill sports stadiums. (BBC: 06:00hrs. 14/08/2020 Faruk/Nargis)

SOUTH KOREA INSTALLS ANTI-VIRUS BUS SHELTERS

South Korea has launched new bus shelters in the capital Seoul, kitted out with temperature-checking doors and ultraviolet disinfection lamps. Before entering the shelters, passengers must have their temperature checked by an automated thermal-imaging camera. The doors will not slide open for anyone with a temperature above 37.5C. The shelters cost around 100m won each. (BBC: 06:00hrs. 14/08/2020 Faruk/Nargis)

FRANCE SENDS JETS AND SHIPS TO TENSE EASTERN MED

France is deploying two Rafale fighter jets and a naval frigate in the eastern Mediterranean because of tensions between Greece and Turkey. French President Emmanuel Macron has urged Turkey to halt oil and gas exploration in disputed waters in the area. A Turkish survey ship began such a mission on Monday, angering Greece. Mr. Macron told Greek Prime Minister Kyriakos Miitsotakis that the French military would monitor the situation. The area is rich in untapped energy. (BBC: 06:00hrs. 14/08/2020 Faruk/Nargis)

THE END